অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 2/8/2022 **গভর্নর ক্যাথি হোকল**

মহামারী চলাকালীন সময়ে পরবর্তী পদক্ষেপসমূহ সম্পর্কে আলোচনার জন্য শিক্ষক, স্কুলের সুপারিন্টেন্ডেন্ট, ও বাবা-মায়েদের সঙ্গে গভর্নর হোকলের বৈঠকে অংশগ্রহণ

ছবি পাওয়া যাবে এখানে

গভর্নর ক্যাথি হোকল আজ নিউ ইয়র্ক স্টেটের শিক্ষক, সুপারিন্টেন্ডেন্ট ও বাবা-মায়েদের সঙ্গে আমাদের স্কুলগুলো নিরাপদে খোলা রাখতে তাদের কাজের জন্য তাদেরকে ধন্যবাদ জানাতে, এবং কোভিড-19 এর বিরুদ্ধে কিভাবে স্মার্টভাবে সুরক্ষিত থাকা অব্যাহত রাখা যায় সে ব্যাপারে তাদের মতামত শুনতে একটি বৈঠকে অংশ নেন।

"আক্রান্ত হওয়া এবং হাসপাতালে ভর্তি হওয়ার সংখ্যা কমতে দেখার এই সময়ে, আমার বিশ্বাস মাঠপর্যায়ে গ্রুপ ও নেতৃবৃন্দের সঙ্গে নিবিড়ভাবে কাজ করা গুরুত্বপূর্ণ যাতে আমরা এই মহামারী চলাকালীন সময়ে এমনভাবে সামনে এগিয়ে যেতে পারি যেখানে আমরা কোভিড-19 এর চেয়ে এগিয়ে থাকবো এবং নিউ ইয়র্কবাসীকে নিরাপদে রাখতে পারবো," **বলেছেন গভর্নর হোকল।** "স্কুলগুলো খোলা রাখা সবসময়ই আমার শীর্ষ অগ্রাধিকার ছিল, এবং সরাসরি তাদের মতামত শোনানোর জন্য আজ আমার সঙ্গে যোগ দেওয়া শিক্ষক, অ্যাডমিনিস্ট্রেটর, ও বাবা-মাদেরকে আমি ধন্যবাদ জানাতে চাই। এছাড়াও আমি বাবা-মা ও অভিভাবকদেরকে অনুগ্রহ করে তাদের সন্তানদের টিকা দেওয়ার জন্য, এবং উপযুক্ত হলে বুস্টার ডোজ দেওয়ার জন্য মনে করিয়ে দিতে চাই। এই টিকা নিরাপদ, বিনামূল্যে পাওয়া যায়, ডাক্তার দ্বারা অনুমোদিত এবং আমাদের কমিউনিটি ও ঝুঁকিতে থাকা প্রিয়জনদেরকে নিরাপদ রাখার চাবিকাঠি।"

নিউ ইয়র্ক স্টেটের কাউন্সিল অব স্কুল সুপারিন্টেন্ডেন্ট (Council of School Superintendents)-এর এক্সিকিউটিভ ডিরেক্টর চার্লস ডেড্রিক বলেন, "আমরা কৃতজ্ঞ যে গভর্নর হোকল সুপারিন্টেন্ডেন্টদের এবং স্কুলগুলোতে কর্মরত অন্যদের কাছ থেকে সরাসরি তাদের মতামত শোনার গুরুত্ব অনুধাবন করেছেন এবং আরো কৃতজ্ঞ যে প্রায় সারা বছর ধরে প্রায় সব শিশুর জন্য সরাসরি শিক্ষাগ্রহণের জন্য স্কুলগুলো খোলা রাখার ক্ষেত্রে আমাদের সম্মিলিত সফলতাকে তিনি স্বীকৃতি দিয়েছেন। আমরা বিশ্বাস করি যে স্টেটের বাধ্যবাধকতাগুলোর সুচিন্তিত পরিবর্তন এখন যেসব বাধ্যবাধকতাগুলো অপরিহার্য হিসেবে থেকে যাবে সেগুলো জনসাধারণের মেনে নেওয়ার ব্যাপারে সাহায্য করতে পারে।"

নিউ ইয়র্ক স্টেট স্কুল বোর্ডস অ্যাসোসিয়েশন (New York State School Boards Association)-এর এক্সিকিউটিভ ডিরেক্টর রবার্ট এস. শ্নাইডার বলেন, "স্কুলগুলোতে মাস্ক

পরার আদেশের মেয়াদ বাড়ানো হবে কিনা সে ব্যাপারে তার মুলতবি থাকা সিদ্ধান্ত সম্পর্কে সরাসরি গভর্নর হোকলের সাথে কথা বলার সুযোগ পেয়ে আমরা কৃতজ্ঞ। অন্য সবার মতোই, আমাদের সদস্যরা এই মহামারীকে পিছনে ফেলে স্বাভাবিক জীবনে ফিরে যেতে আগ্রহী, এবং তারা এটা এমনভাবে করতে চান যাতে আমাদের সব শিক্ষার্থী, শিক্ষক, কর্মচারী ও তাদের পরিবারকে নিরাপদে রাখা যায়। স্কুল বোর্ডের সদস্যদের মতো গভর্নরকেও অবশ্যই বিভিন্ন উদ্বেগের বিষয়গুলোর মধ্যে ভারসাম্য রক্ষা করতে হবে এবং চূড়ান্ত পর্যায়ে আমাদের শিক্ষার্থীদের জন্য কোনটি সবচেয়ে ভালো হবে তার ভিত্তিতে সিদ্ধান্ত গ্রহণ করতে হবে। গভর্নরের তরফ থেকে শিক্ষা কমিউনিটির মতামত বিবেচনা করার এই আগ্রহ নিঃসন্দেহে তাকে একটি অবহিত অবস্থানে রাখবে এবং আমাদের সবাইকে সামনে এগিয়ে যাওয়ার জন্য আরো ভালো একটি অবস্থানে রাখবে বলে আশা করা যায়।"

কাউন্সিল অব স্কুল সুপারভাইজার্স এন্ড অ্যাডমিনিস্ট্রেটর্স মার্ক এফ. ক্যানিজারো বলেন, "CSA গভর্নরের এই সাধারণ বিবেচনার উপায় বেছে নেয়াকে সাধুবাদ জানায়। আমরা আশাবাদী যে শীঘ্রই এমন পরিস্থিতি তৈরি হবে যেখানে শিক্ষার্থী ও কর্মীদের জন্য একটি নিরাপদ পরিবেশ বজায় রেখে বিধিনিষেধগুলো শিথিল করা সম্ভব হবে।"

স্কুল অ্যাডমিনিস্ট্রেটর্স অ্যাসোসিয়েশন অব নিউ ইয়র্ক (School Administrators Association of New York)-এর সরকারি সম্পর্ক বিষয়ক পরিচালক সিন্ডি গ্যালাঘের বলেন, "কোভিড-19 সংক্রান্ত নির্দেশনা এবং মাস্ক পরা সংক্রান্ত নির্দেশনা পরিবর্তনের জন্য সম্ভাব্য বিবেচ্য বিষয় নিয়ে আলোচনার জন্য গভর্নর হোকলের আমন্ত্রণ পেয়ে স্কুল অ্যাডমিনিস্ট্রেটর্স অ্যাসোসিয়েশন অব নিউ ইয়র্ক স্টেট আনন্দিত হয়েছে। যেমনটা গভর্নর আজ তার বক্তব্যে বলেছেন। এক অন্যের চিন্তাভাবনার প্রক্রিয়া বুঝতে পারার জন্য এসব আলাপচারিতা গুরুত্বপূর্ণ। বিল্ডিং অ্যাডমিনিস্ট্রেটররা যে তাদের কমিউনিটির আস্থাভাজন কণ্ঠস্বর হতে পারেন এবং তার সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে আমাদের চিন্তাভাবনা গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে, গভর্নরের এই ভাবনাকে আমরা সাধুবাদ জানাই।"

বৃহৎ 5টি স্কুল ডিস্ট্রিক্টের মধ্যকার সম্মেলনের সভাপতি রেভারেন্ড স্টিভ লোপেজ বলেন, "শিশুদেরকে তাদের উপযুক্ত স্থানে, সরাসরি উপস্থিত হয়ে শিক্ষা গ্রহণে ফিরিয়ে আনার জন্য আমরা নিরলসভাবে কাজ করে গেছি এবং আমাদেরকে স্বাস্থ্য ও নিরাপত্তা সংক্রান্ত বহু সমস্যা মোকাবেলা এবং অবস্থান করার জন্য পরীক্ষা করার কর্মসূচি বাস্তবায়নের সক্ষমতা দেয়ার জন্য গভর্নরের প্রদান করা সংস্থানগুলোর জন্য আমরা সত্যিই কৃতজ্ঞ। ইতোমধ্যে যে অগ্রগতি সম্পন্ন হয়েছে আমরা সেটাকে নষ্ট করতে চাই না। আমরা গভর্নরের প্রতি সনির্বন্ধ অনুরোধ জানাবো যে মাস্ক পরার আদেশ তুলে নেয়ার বিষয়টি বিবেচনার সময় স্টেট যাতে বিজ্ঞানকে অনুসরণ করা অব্যাহত রাখে। স্কুলে মাস্ক পরার বর্তমান আদেশ সম্পর্কিত যেকোনো নীতিমালার পরিবর্তন অবশ্যই নিউ ইয়র্ক স্টেটের স্বাস্থ্য বিভাগ (Department of Health) কর্তৃক স্টেটব্যাপী একযোগে বাস্তবায়ন করতে হবে। স্কুলে মাস্ক পরার আদেশের ব্যাপারে আঞ্চলিক ভিত্তিতে স্টেটের সিদ্ধান্ত গ্রহণের জন্য স্ট্যান্ডার্ড মেট্রিক ও একটি সিস্টেম প্রতিষ্ঠার জন্য তাদেরকে দায়িত্ব দিতে হবে। এই দায়িত্ব সুপারিন্টেন্ডেন্টদের ও স্কুল বোর্ডগুলোর উপর অথবা ইতোমধ্যে দায়িত্ব সামলাতে সংগ্রাম করে যাওয়া কাউন্টি স্বাস্থ্য বিভাগের উপর অর্পণ করা উচিত হবে না। আমাদের পরিবার ও আমাদের কর্মীরা তাদেরকে নিরাপদ রাখার জন্য আমাদের উপর

নির্ভরশীল এবং যেকোনো নীতিমালার পরিবর্তন যাতে বিজ্ঞানের ভিত্তিতে হয় সেটা নিশ্চিত করতে আমরা স্টেটের উপর নির্ভর করছি।"

নিউ ইয়র্ক স্টেট প্যারেন্ট টিচার অ্যাসোসিয়েশন (New York State Parent Teacher Association)-এর প্রেসিডেন্ট ডানা প্লাটিন বলেন, "আজকের এই গুরুত্বপূর্ণ বৈঠক এবং তার অব্যাহত অংশীদারিত্বের জন্য আমরা গভর্নরকে ধন্যবাদ জানাই এবং আমাদের স্কুল ভবনগুলোতে আরো বেশি স্বাভাবিক অবস্থা ফিরিয়ে আনার প্রত্যাশায় আমরা তার সঙ্গে যোগ দিচ্ছি। আমরা আমাদের স্কুলগুলোর সম্মুখীন হওয়া সংকটপূর্ণ সমস্যাগুলো নিয়ে গভর্নরের কর্মীদের সঙ্গে দৈনিক কথোপকথনে অংশ নিয়েছি, যার মধ্যে কোভিড-19 সম্পর্কে এবং বাবা-মা ও পরিবারগুলো যেসব প্রশ্নের উত্তর খুঁজে চলেছেন - মাস্ক পরা, দূরত্ব বজায় রাখা, কোয়ারেন্টাইন, একাডেমিক পুনরুদ্ধার, এবং সব শিক্ষার্থীর জন্য একাডেমিক ও সামাজিক মানসিক সহায়তা, বিশেষ করে প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য - সেগুলো নিয়ে প্রতিনিয়ত আলাপচারিতা অন্তর্ভুক্ত ছিল। যদিও আমরা হয়তো সবসময় একমত হতে পারিনি, আজকের এই আলোচনার পরে আমরা নতুন করে বিশ্বাস করতে পারছি যে গভর্নর স্টেটব্যাপী বাবা-মাদের ও পরিবারগুলোর উদ্বেগ অনুধাবন করতে পারছেন, এবং এসব বিষয়ে PTA-এর অবস্থান তুলে ধরতে পেরে আমরা গর্বিত। আমরা শিক্ষা খাতের স্টেকহোল্ডার, গভর্নর, আমাদের স্টেটের শিক্ষা বিভাগ, এবং আমাদের আইন প্রণেতাদের সঙ্গে কাজ করা অব্যাহত রাখবো যাতে আমরা আরো একবার আমাদের শিশুদের হাসিতে উজ্জ্বল চেহারা দেখতে পারি, যা অদূর ভবিষ্যতেই ঘটবে বলে আমরা আশাবাদী।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন